



सत्यमेव जयते

Sudip Roy Barman
MINISTER

Government of Tripura
Department of Health & FW,
Science, Tech. & Environment,
I&C (IT), PWD (DWS)
☎: 0381-241-4047
☎: +91 9436123541
✉: sudip.roybarman@gmail.com

D.O. No..... Date.

**মাতৃদুগ্ধ পান সপ্তাহ উদযাপন উপলক্ষে
মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন**

১ - ৭ আগস্ট ২০১৮ মাতৃদুগ্ধ পান সপ্তাহ। শিশুর সার্বিক বিকাশের প্রশ্নে এই সপ্তাহের তাৎপর্য ও গুরুত্ব অপরিসীম। সারা রাজ্যে মাতৃদুগ্ধ পান সপ্তাহ উপলক্ষে নানা কর্মসূচী পালন করা হচ্ছে। মাতৃদুগ্ধ অমৃত সমান - জন্মের পর যথাশীঘ্র সম্ভব শিশুকে মায়ের বুকের দুধ অর্থাৎ কলোস্ট্রাম খাওয়ান। মনে রাখবেন প্রথম ছয় মাস শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ খাওয়াতে হবে। মাতৃদুগ্ধ শিশুকে সার্বিক পুষ্টির যোগান দেয় ও শিশুর বুদ্ধিমত্তার বিকাশ ঘটায়। পাশাপাশি মাতৃদুগ্ধে থাকা অ্যান্টিবডি শিশুকে কিছু অসুখ যেমন ডায়েরিয়া, শ্বাসকষ্ট, হাম ইত্যাদি রোগের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা জোগায়। শিশু মৃত্যুর হার কমাতেও মাতৃদুগ্ধ পান সহায়ক। মাতৃদুগ্ধ পানের গুরুত্ব বিষয়ে জনগণকে সচেতন করতে আমি সমস্ত নির্বাচিত জনপ্রতিনিধিসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, গণসংগঠনকে এ বিষয়ে সচেতনতা সৃষ্টির কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে অনুরোধ জানাচ্ছি এবং রাজ্যের সর্বস্তরের জনগণকে এক্ষেত্রে দায়বদ্ধ ভূমিকা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

সুদীপ রায় বর্মান
(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী
ত্রিপুরা সরকার